# Cosmo School

*Class:* চতুর্থ
*Subject:* বাংলা ১ম
*Prepared by:* আফরোজা তাসনিম (নিপা)
*Topic:* বীরপুরুষ

## উত্তরপত্র ১- (৩.১০.২০)

**ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।**

১. মা কিসে চড়ে যাচ্ছে?

উত্তর: মা পালকিতে চড়ে যাচ্ছে ।

২. খোকা কিভাবে যাচ্ছে?
উত্তর: খোকা ঘোড়ায় চড়ে টগবগিয়ে যাচ্ছে ।

৩. সন্ধ্যার সময় তারা কোথায় পৌঁছালো?
উত্তর: সন্ধ্যার সময় তারা জোড়া দিঘির মাঠে পৌঁছালো ।

৪. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার কোথায় জন্মগ্রহণ করেন?
উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে জন্মগ্রহণ করেন ।

৫. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কী কী রচনা করেছেন?
উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর কবিতা, গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ ইত্যাদি রচনা করেছেন ।

৬. বীরপুরুষ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
উত্তর: বীরপুরুষ কবিতাটি 'শিশু' কাব্যগ্রন্থের অন্তর্গত ।

৭. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?
উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন ।

৮. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে মৃত্যুবরণ করেন?
উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর ১৯৪১সালে মৃত্যুবরণ করেন ।

খ) **কবির নামসহ ' বীরপুরুষ ' কবিতাটির ১ম দশ লাইন লিখ।**

**গ) নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ।**

১. খোকা রাঙা ঘোড়ার চরে যাচ্ছে। (সত্য)
২. সকাল বেলা তারা জোড়াদিঘির মাঠে পৌঁছাল। (মিথ্যা)-সন্ধ্যা বেলা
৩. বেয়ারাগুলো পাশের কাঁটাবনে পালাল।-(সত্য)
৪. ডাকাতরা খোকাকে হারিয়ে বীরপুরুষ হলো।-( মিথ্যা)- খোকা ডাকাতদের হারিয়ে
৫. খোকা রক্ত মেখে ঘেমে বলল লড়াই গেছে থেকে।-(সত্য

**CHT Date: 12.10.20**

**ঘ) নিচের শব্দাগুলোর অর্থ লিখ।**

| প্রদত্ত শব্দ | শব্দার্থ |
|---|---|
| টগবগিয়ে | পানি ফুটবার মতো শব্দ করে |
| রাঙা | রঙিন |
| পট | যেখানে সূর্য ডোবে |
| জোড়াদিঘি | যেখানে পাশাপাশি দুটি দিঘি রয়েছে |
| স্মরণ | মনে করা |
| বেয়ারা | যারা কাঁধে পালকি বহন করে |
| থরোথরো | প্রচন্ড কম্পন |
| ঝনঝনিয়ে | ঝনঝন শব্দ করে |
| দুর্দশা | খারাপ অবস্থা |
| সোঁতা | বহমান জলের মৃদু ধারা |

**ঙ) ' বীরপুরুষ ' কবিতাটির সারমর্ম লিখ।**

**উত্তর:** শিশুরা কল্পনা করতে ভালোবাসে । এই কবিতাটিও তেমনি এক ছোট্ট শিশুর কল্পনা । কবিতায় সে মায়ের সঙ্গে দূরদেশে যায় । পথে সে ডাকাতদের মোকাবেলা করে । বীরের মতো লড়াই করে মাকে রক্ষা করে ।

## উত্তরপত্র ২ (লেকচার -২ )- (৫. ১০.২০)

**ক). নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।**

১. 'ভাগ্যে খোকা সঙ্গে ছিল
কী দুর্দশাই হতো তা না হলে!' -লাইন দুটির ভাবার্থ নিজের ভাষায় লিখ ।

উত্তরঃ আলোচ্য অংশটুকু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বীরপুরুষ কবিতা থেকে নেওয়া হয়েছে ।

কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল । যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু তাদের আক্রমণ করলে মা ভয় পেয়ে যান । কিন্তু খোকা সাহসিকতার সাথে লড়াই করে দস্যুদের পালাতে বাধ্য করে । তখন মায়ের মনের ভয় দূর হয়ে যায় এবং অনেকটা গর্বিত হয়ে তিনি উক্ত কথাগুলো বলেন । খোকা না থাকলে বড় বিপদ হতে পারতো এবং খোকা ছিল বলে রেহাই হলো , মায়ের মনের এই বার্তাটি কবি বোঝাতে চেয়েছেন ।

২. ‘এমন সময় হাঁরে -রে-রে -রে
ঐ যে কারা আসতেছে ডাক ছেড়ে ।
তুমি ভয়ে পালকিতে এক কোণে
ঠাকুর, দেবতা স্মরণ করছ মনে,’– লাইন গুলো দিয়ে কী বোঝানো হয়েছে নিজের ভাষায় লিখ ।

উত্তরঃ আলোচ্য অংশটুকু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বীরপুরুষ কবিতা থেকে নেওয়া হয়েছে ।

কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল । যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু হারে-রে-রে শব্দ করে এগিয়ে আসছিল তাদের দিকে । আর ডাকাতদের এই আওয়াজ শুনে মা ভয় পেয়ে গিয়েছিলেন এবং তিনি পালকির এক কোনে বসে ভয়ে ঠাকুর-দেবতাদের নাম জপছিলেন যেন ডাকাতের হাত থেকে রক্ষা পান । যদিও এগুলো খোকার মনের কল্পনারই বহিঃপ্রকাশ মাত্র । মূলত একটি খোকার মনের সুপ্ত কল্পনাগুলো জেগে উঠেছে এই কবিতার বিভিন্ন লাইনের মাধ্যমে ।

**খ). নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ ।**

৬. বীরপুরুষ কে? সে কাদের হারিয়ে বীরপুরুষ হলো?
উত্তরঃ কবিতায় খোকাকেই বীরপুরুষ বলা হয়েছে । খোকা সাহসিকতার সাথে লড়াই করে দস্যুদের হারিয়ে বীরপুরুষ হলো ।

**গ) প্রশ্নোত্তর লিখ (সৃজনশীল) ।**

৭. খোকা কিভাবে বীরপুরুষ হলো? নিজের ভাষায় ব্যাখ্যা কর ।
উত্তরঃ কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল । যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু তাদের আক্রমণ করলে মা ভয় পেয়ে যান । কিন্তু খোকা সাহসিকতার সাথে লড়াই করে । একসময় দস্যুরা পালিয়ে যায় । খোকা না থাকলে বড় বিপদ হতে পারতো এবং খোকা ছিল বলে রেহাই হলো । যেন খোকা একজন বীরপুরুষের ভূমিকা পালন করল । এভাবেই খোকা বীরপুরুষ হলো ।

৩) খোকা ডাকাতদের হারিয়ে বীরপুরুষ হয়েছে । খোকার জায়গায় তুমি থাকলে তুমি কিভাবে মাকে রক্ষা করতে? পাঁচটি বাক্যে লিখ ।

উত্তরঃ (শিক্ষার্থীরা নিজের মতো বানিয়ে লিখবেন) ।

**ঘ) শূণ্যস্থান পূরণ কর:**

১. ধূ ধূ করে যে দিক পানে........................ ।--(চাই)
২. কোনো খানে .............. নাই ।---(জন-মানব)
৩. তুমি যেন ................... মনে তাই ।---(আপন মনে)
৪. ভয় ........................ ভাবছ এলেম কোথা ।---(পেয়েছ)
৫. আমি বলছি ..................... করো না মা গো ।---(ভয়)
৬. ওই দেখা যায় ..................... নদীর সোঁতা ।----(মরা)

**CHT Date: 12.10.2**

*Class:* চতুর্থ *Prepared by:* আফরোজা তাসনিম (নিপা)
*Subject:* বাংলা ১ম *Topic:* বীরপুরুষ

উত্তরপত্রঃ লেকচার -৩ (৭. ১০.২০)

**ক বিপরীত শব্দ:**

| মূলশব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| ভয় | সাহস |
| বিদেশ | দেশ/ স্বদেশ |
| দূরে | কাছে |
| সকাল | সন্ধ্যা/ বিকাল |
| আলো | অন্ধকার |

**খ) সমার্থক শব্দ:**

| প্রদত্ত শব্দ | সমার্থক শব্দ |
|---|---|
| সূর্য | রবি |
| অন্ধকার | আঁধার |
| স্মরণ | স্মৃতি |
| লড়াই | যুদ্ধ |

গ) **যুক্তবর্ণ:**

| যুক্তবর্ণ | বর্ণ বিভাজন | দুটি শব্দ তৈরি কর | বাক্য তৈরি কর |
|---|---|---|---|
| চ্ছ | চ+ছ | স্বচ্ছ, স্বেচ্ছা | আমি স্বেচ্ছায় বেড়াতে যাচ্ছি । |
| স্ত | স+ত | আস্ত, অস্ত | শিক্ষার্থীরা নিজে করবেন |
| ন্ধ | ন+ধ | অন্ধ, বন্ধ | ” |
| স্ন | স+ন | স্নান, স্নেহ | ” |
| ক্ত | ক+ত | রক্ত, ভক্ত | ” |
| র্দ | ´--- +দ | সর্দার, গর্দান | ” |

**ঘ) শব্দ দিয়ে বাক্য তৈরি কর:**

| প্রদত্ত শব্দ | বাক্য রচনা |
|---|---|
| মেঘ | আকাশে অনেক মেঘ জমেআকাশে অনেক মেঘ জমেছে |
| সন্ধ্যা | শিক্ষার্থীরা নিজে করবেন |
| অধিকার | ” |
| পালকি | ” |
| তলোয়ার | ” |
| লড়াই | ” |

ক) সঠিক উত্তর দাওঃ

১. মা কিসে চড়ে যাচ্ছিলেন?
   ক) পালকিতে
   খ) রাঙা ঘোড়ায়
   গ) উড়োহাজে
   ঘ) কোনটিই নয়



CHT Date: 12.10.20

২. কখন তারা জোড়াদিঘির মাঠে পৌছাল?

ক) সকাল বেলা
খ) বিকাল বেলা
গ) সন্ধ্যা বেলা
ঘ) কোনটিই নয়

৩. বেয়ারাগুলো কোথায় পালাল?

ক) পাশের কাঁটাবনে
খ) পালকির মধ্যে
গ) জঙ্গলের ধারে
ঘ) কোনটিই নয়

৪. কে বীরপুরুষ হলো?

ক) ডাকাত
খ) খোকা
গ) বেয়ারা
ঘ) কোনটিই না

**CHT Date: 12.10.20**